# বেতন এবং পারিশ্রমিক

## জাতীয় ন্যূনতম পারিশ্রমিক (National Minimum Wage)

বেশীরভাগ কর্মচারীদেরকেই জাতীয় নিম্নতম পারিশ্রমিক (NMW) দিতে হবে। ২০০৩ সালের ১লা অক্টোবর থেকে যে সকল কর্মীর বয়স ২২ বৎসর এবং বেশী তাদের জাতীয় নিম্নতম পারিশ্রমিক হল ঘন্টায় ৪পাউন্ড ৫০পেনী, যাদের বয়স ১৮-২১ বৎসর এবং কিছু বয়স্ক কর্মীরা তাদের চাকরির/কাজের প্রথম ছয় মাস ট্রেনিং নিচ্ছেন, তাদের জন্য জাতীয় নিম্নতম পারিশ্রমিক হল ৩ পাউন্ড ৮০ পেনী।

### বেতন থেকে আর্থিক বিয়োগ

কেবলমাত্র নিম্নলিখিত ক্ষেত্রে আপনার নিয়োগকর্তা/মনিব আপনার বেতন থেকে আর্থিক বিয়োগ করতে পারেন;

- যেগুলির জন্য তাকে আইনের অধিকার দেওয়া হয়েছে, যেমন: ইনকাম ট্যাক্স এবং ন্যাশনাল ইনসিওরেন্স কেটে নেওয়া, অথবা অন্য যেগুলির কেটে নেওয়ার অধিকার আপনার কর্ম/চাকরির চুক্তি দ্বারা তাকে দেওয়া হয়েছে। (এই আর্থিক বিয়োগ আরম্ভ করার আগে থেকেই আপনার কাছে এই চুক্তির একটা কপি থাকতে হবে।

- আপনি এই আর্থিক বিয়োগের ব্যবস্থার জন্য লিখিতভাবে রাজী হয়েছেন; অথবা

- আপনাকে, আপনার পাওনা থেকে বেশী পরিমান বেতন দেওয়া হয়েছিল।

উপরোক্তগুলি সব কর্মচারীর ক্ষেত্রেই প্রযোজ্য। বোনাস, কমিশন, ছুটির সময়ের বেতন, আইনত: অসুস্থতার জন্য বেতন, আইনত: মাতৃত্বের বেতন এইসব এবং বাড়তির/রিডানডেন্সি বেতন, এই সবগুলিই পারিশ্রমিকের অন্তর্ভূক্ত। আপনি যদি রাজী থাকেন তাহলে পেনশনের জন্য অর্থ বিয়োগ করা হতে পারে।

## ট্যাক্স এবং ন্যাশনাল ইনসিওরেন্সের জন্য আর্থিক বিয়োগ

প্রত্যেক ট্যাক্স বৎসরে, যেটা আরম্ভ হয় এপ্রিলের ৫ তারিখ থেকে, ট্যাক্স এবং ন্যাশনাল ইনসিওরেন্সের পরিমানের বদল হয়। নিম্নলিখিত পরিমানগুলি হল ২০০৩-০৪ সালের ট্যাক্স বৎসরের জন্য।

## ইনকাম ট্যাক্স

আপনি ট্যাক্স দেওয়া আরম্ভ করার আগে আপনাকে ৪,৬১৫ পাউন্ড ব্যক্তিগত এ্যালাউন্স দেওয়া হয়ে থাকে । তার মানে হল আপনার এই পরিমান আয়ের উপর কোন ট্যাক্স দিতে হয় না। আপনার বয়স যদি ৬৫ বৎসরের উপর হয় তাহলে এই ব্যক্তিগত এ্যালাউন্সের পরিমান বেশি হয়।

৪,৬১৫ পাউন্ডের উপরে আপনার যে রোজগার তার উপর আপনাকে ট্যাক্স দিতে হয়। যে আর্থিক পরিমানের উপর ট্যাক্স দিতে হয়, তার প্রথম ১,৯৬০ পাউন্ডের উপর শতকরা ১০ ভাগ করে এবং এর পর ৩০,৫০০ পাউন্ড পর্যন্ত শতকরা ২২ ভাগ করে ট্যাক্স এবং এর উপরের রোজগারের উপর শতকরা ৪০ ভাগ করে ট্যাক্স দিতে হয়।

## ন্যাশনাল ইনসিওরেন্স দেওয়া

ন্যাশনাল ইনসিওরেন্স চারটা ভিন্ন ভিন্ন শ্রেনীতে দেওয়া হয়। আপনি নিযুক্তকারি ব্যক্তি, স্ব-নিযুক্ত ব্যক্তি অথবা স্বয়ংসেবী হিসাবে যদি এটা দিয়ে থাকেন, তার উপর নির্ভর করে আপনি কত ন্যাশনাল ইনসিওরেন্স দেবেন।

আপনি যদি নিযুক্তকারি ব্যক্তি হন তাহলে আপনি ক্লাস১ ন্যাশনাল ইনসিওরেন্স দেবেন। সেটার পরিমান হল যদি আপনার রোজগার প্রতি সপ্তাহে ৮৯.০১ পাউন্ড থেকে ৫৯৫ পাউন্ড হয় তাহলে আপনার রোজগারের ১১ ভাগ (আপনি যদি বাড়তি জাতীয় পেনশন পরিকল্পনার/এডিশনাল স্টেট পেনশন স্কীমের অন্তর্ভুক্ত হন, তাহলে আপনার রোজগারের ৯.৪ ভাগ) এবং আপনার সাপ্তাহিক রোজগারের পরিমান যদি ৫৯৫ পাউন্ডের বেশী হয় তাহলে বাড়তি পরিমানের উপর শতকরা ১ ভাগ করে।

যদি আপনি স্ব-নিযুক্ত ব্যক্তি হন এবং আপনার রোজগার প্রত্যেক বৎসরে ৪,০৯৫ পাউন্ডের কম হয় তাহলে আপনি প্রত্যেক সপ্তাহে ২ পাউন্ড করে ক্লাস ২ ন্যাশনাল ইনসিওরেন্স দেবেন।

আপনি যদি স্ব-নিযুক্ত ব্যক্তি হন এবং প্রত্যেক বৎসর আপনার লাভের পরিমান ৪,৬১৫ পাউন্ড থেকে ৩০,৯৪০ পাউন্ডের মধ্যে হয় তাহলে আপনি শতকরা ৮ ভাগ করে ক্লাস ৪ ন্যাশনাল ইনসিওরেন্স দেবেন এবং এই পরিমানের থেকে বেশী লাভের উপর শতকরা ১ ভাগ করে দিতে হবে।

আপনি যদি কাজ/চাকরি না করে থাকেন কিন্তু ন্যাশনাল ইনসিওরেন্স দেওয়া চালিয়ে যেতে চান, তাহলে আপনাকে সপ্তাহে ৬ পাউন্ড ৯৫ পেনি করে ক্লাস ৩ ন্যাশনাল ইনসিওরেন্স দিতে হবে।

### বেতনের স্বতন্ত্র তালিকাভুক্ত বিবৃতি

প্রত্যেকবার বেতন পাওয়ার দিনে অথবা তার আগে আপনাকে অবশ্যই স্বতন্ত্র তালিকাভুক্ত বিবৃতি দিতে হবে। তার ভিতর থাকতে হবে:

- আপনার মোট বেতন (ট্যাক্স কেটে নেবার আগে) এবং আপনার যদি কোন ট্যাক্স ফেরত পাওয়ার থাকে;
- যে আর্থিক পরিমানগুলি কেটে নেওয়া হচ্ছে সেগুলি; এবং
- আপনার বাদ দেওয়া বেতন (যেটা আপনি হাতে পান)।

নগদ অর্থ নিয়ে কাজ করা বেআইনী। আপনি যদি এভাবে বেতন পান তাহলে আপনি বেনিফিট পাওয়ার এবং চাকরীর অধিকার হারাতে পারেন।

আপনার ট্যাক্স অফিসে খোঁজ নিয়ে দেখুন যে আপনার জন্য ট্যাক্স এবং ন্যাশনাল ইনসিওরেন্স দেওয়া হয়েছে কিনা যদি ন্যাশনাল ইনসিওরেন্স না দেওয়া হয়, তাহলে আপনি এই ঋন পরিশোধের জন্য আবেদন করতে পারেন।

## অসুস্থতার বেতন

কর্মচারীরা যারা অসুস্থ, নিয়োগকর্তা/মনিবকে তাদেরকে অসুস্থতার বেতন দিতেই হবে। আইনত: অসুস্থতার বেতন/স্ট্যাটুটরি সিক পে সর্বমোট ২৮ সপ্তাহের জন্য দেওয়া হয়ে থাকে।

আপনার আইনত: অসুস্থতার বেতন/স্ট্যাটুটরি সিক পের আবেদন করার জন্য নিম্নলিখিতগুলির প্রয়োজন;

- আপনার বয়স ১৬ থেকে ৬৫ বৎসরের ভিতর হতে হবে;
- ন্যাশনাল ইনসিওরেন্স দেওয়ার জন্য আপনার সাপ্তাহিক রোজগার অন্তত: ন্যূনতম আয়ের পরিমানের সীমা অথবা তার থেকে বেশী হতে হবে। (বর্তমানে এর পরিমান হল ৭৭ পাউন্ড);
- চারদিন অথবা তার বেশিদিন অসুস্থ থাকতে হবে। আইনত: অসুস্থতার বেনিফিট/স্ট্যাটুটোরি সিক পে, অসুস্থতার প্রথম তিন দিনের জন্য দেওয়া হয় না;
- অসুস্থতার প্রথম দিনেই আপনাকে আপনার নিয়োগকর্তা/মনিবকে জানানোর জন্য চেষ্টা করতে হবে- যে দিন আপনি জানাবেন সেই দিনই হবে সমানে চার দিনের অসুস্থতা;
- আপনি সাত দিন অসুস্থ থাকার পর আপনার ডাক্তারের সার্টিফিকেটের প্রয়োজন হবে।

আপনার নিয়োগকর্তা /মনিব আপনাকে হয়ত আপনার আইনত: অসুস্থতার বেনিফিট/স্ট্যাটুটোরি সিক পে থেকে আরো বেশী অসুস্থতার বেনিফিট দিতে পারেন। আপনার কর্মস্থানে যদি অসুস্থতার খবর জানানোর জন্য যদি কোন

বিশেষ পদ্ধতি থাকে, তাহলে সেটা মেনে চলা নিশ্চিত করুন- আপনার কর্মস্থানের স্টাফ হ্যান্ডবুক পরীক্ষা করে দেখুন।

## নোটিশের বেতন

আপনার নোটিশের সময়ের বেতন পাবার অধিকার আছে। যদি না আপনার চাকরীর চুক্তি আপনাকে পরে নোটিশ দিয়ে বেতন পাবার অথবা সংক্ষিপ্ত সময়ের মধ্যে বরখাস্ত (summerily dismissed) হবার পর বেতন পাবার অধিকার দেয়।

## বাড়তির/রিডানডেন্সির বেতন

নিম্নলিখিত অবস্থাগুলিতে বাড়তি/রিডানডেন্সি হতে পারে:

- আপনার নিয়োগকর্তা/মনিব তার প্রতিষ্ঠান বা কর্মক্ষেত্র বন্ধ করে দিচ্ছেন অথবা সেটা বন্ধ হয়ে যাচ্ছে; অথবা
- কর্মীর সংখ্যা কমিয়ে দেওয়া হচ্ছে।

যদি আপনি আপনার নিয়োগকর্তা/মনিবের কাছে অন্তত: দুই বৎসরের জন্য চাকরী করেছেন এবং আপনাকে বাড়তি/রিডানডেন্ট করা হয়ে থাকে এবং আপনাকে দেবার জন্য অন্য কোন উপযুক্ত কাজ নেই তাহলে আপনার নিম্নলিখিতগুলিতে অধিকার আছে;

- প্রচুর সময়ের নোটিশ
- বাড়তির/রিডানডেন্সির বেতন হিসাবে একসঙ্গে থোক টাকা; এবং
- অন্য কাজ/চাকরি খুজবার জন্য অথবা অন্য কোন ট্রেনিং নেওয়ার ব্যবস্থা করার জন্য ছুটি।

অন্য কোন সঙ্গত কাজ যদি আপনি অকারনে প্রত্যাখ্যান করেন, তাহলে আপনি বাড়তির/রিডানডেন্সির বেতন পাবার অধিকার হারাবেন।

বাড়তির বেতন আপনি কতটা পাবেন সেটা নির্ভর করে আপনি কতদিন ধরে একসঙ্গে একই নিয়োগকর্তা/মনিবের কাছে কাজ করছেন, আপনার বয়স এবং সাপ্তাহিক বেতন প্রভৃতির উপর।

আপনার নিয়োগকর্তা/মনিবের হয়ত চাকরীর চুক্তিসম্মত বাড়তির/রিডানডেন্সি পরিকল্পনা থাকতে পারে, যেটা আইনত: ন্যূনতম পরিমান থেকে বেশী।

যদি আপনার নিয়োগকর্তা/মনিব আপনাকে বাড়তির/রিডানডেন্সির বেতন দিতে অস্বীকার করেন, অথবা এই আর্থিক পরিমান সম্বন্ধে আপনারা একমত না হতে পারেন, তাহলে আপনার কাজ/চাকরি শেষ হওয়ার ছয় মাসের ভিতর আপনি এমপ্লয়মেন্ট ট্রাইবুনালের কাছে আবেদন করতে পারেন।

## কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং নিরাপত্তার ব্যবস্থা

আপনার কর্মক্ষেত্রে, যে কোন ব্যক্তি কাজ করছেন অথবা বাইরে থেকে আসছেন তাদের নিরাপত্তার জন্য আপনার নিয়োগকর্তা/মনিবের কর্মক্ষেত্র যতটা সম্ভব নিরাপদ রাখার আইনত: দায়িত্ব আছে।

সেখানে একটা লিখিত স্বাস্থ্য এবং নিরাপত্তার নীতি থাকা উচিত। এর ভিতর থাকতে হবে এই সম্বন্ধে বিভিন্ন ব্যাপারে দায়িত্ব কোন ব্যক্তির উপর, তার নাম। আপনার নিয়োগকর্তা মনিবের এই ব্যাপারে কতটা বিপদের ঝুঁকি আছে সে সম্বন্ধে একটা মূল্যায়ন করে দেখতে হবে যে, আইনত: সব কিছু ঠিক রাখার জন্য কি কি করতে হবে।

নিরাপত্তার প্রতিনিধি, আপনার নিয়োগকর্তা/মনিবের সঙ্গে আলোচনার দ্বারা, নিয়মিত পরিদর্শন চালাবেন এবং এই সম্বন্ধে বিভিন্ন ব্যাপারে সুপারিশ করবেন। প্রতিনিধির এই কর্তব্যগুলি চালানোর জন্য তাকে প্রয়োজন হলে, তার নিয়মিত কর্তব্য থেকে বেতন সহ ছুটি দিতে হবে। স্বাস্থ্য এবং নিরাপত্তার প্রতিনিধি হিসাবে তাদের কর্তব্য চালিয়ে যাওয়ার কারণে তাদের বরখাস্ত করা চলবে না।

আপনার নিয়োগকর্তা/মনিবকে অবশ্যই কতকগুলি নির্দিষ্ট নিয়ম মেনে চলতে হবে। যেমন: নিম্নলিখিতগুলির ক্ষেত্রে

- কর্মক্ষেত্রে শব্দ;
- শারীরিক কাজ
- কলকারখানায় অথবা কাজকর্মে বিশেষ বিপদের সম্ভাবনা
- কমপিউটারগুলির মনিটারের ব্যবহার/ভিডিউগুলি (VDUs)

যদি অল্প বয়সী মহিলারা, যারা ভবিষ্যতে গর্ভবতী হতে পারেন, তারা যদি সেখানে কাজ করেন তাহলে নিয়োগকর্তা/মনিবের কর্মক্ষেত্রের স্বাস্থ্য এবং নিরাপত্তার বিশেষ ঝুঁকির মূল্যায়ন করতে হবে। এদের ভিতর থাকবে এজেন্সি এবং স্বনিযুক্ত মহিলা কর্মীরাও।

একজন কর্মচারী হিসাবে কর্মক্ষেত্রে আপনার নিজের এবং অন্যদের নিরাপত্তা নেওয়ার সাধারন দায়িত্ব আছে এবং আপনার নিয়োগকর্তা/মনিব এই ব্যাপারে যে ব্যবস্থা নিয়েছেন সেটাতে সহায়তা করা আপনার কর্তব্য।

## স্বাস্থ্য এবং নিরাপত্তার অধিকারে বাধ্য করানো

স্বাস্থ্য এবং নিরাপত্তার ব্যাপারে যদি আপনার এবং আপনার নিয়োগকর্তা/মনিবের মধ্যে বিরোধ থাকে, তাহলে আপনি , আপনাদের নিরাপত্তার প্রতিনিধি অথবা আপনার ট্রেড ইউনিয়নের প্রতিনিধির কাছ থেকে উপদেশ নিন, অথবা আপনি নিম্নলিখিতগুলির সঙ্গে যোগাযোগ করুন।

- স্থানীয় স্বাস্থ্য এবং নিরাপত্তার অধিকারী/এক্সিকিউটিভ (যোগাযোগ করার জন্য টেলিফোন ডাইরেক্টরীতে দেখুন)
- স্থানীয় কতৃপক্ষ (হয় স্বাস্থ্য এবং নিরাপত্তার অফিসার/হেলথ্ এন্ড সেফটি অফিসার অথবা এনভয়রনমেন্টাল হেলথ অফিসারের সঙ্গে কথা বলুন। কার সঙ্গে কথা বলবেন সেটা নির্ভর করে আপনি কোন ধরনের কাজ করেন তার উপর)।

এই সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ করার আগেই আপনি আপনার নিয়োগকর্তা/মনিবকে জানান যে এদের সঙ্গে যোগাযোগ করা ছাড়া আপনার কাছে আর কোন পথ খোলা নেই।

সব সময় মনে রাখবেন যে, আপনার অধিকার বজায় রাখার ব্যাপারে যদি কোন সমস্যা দেখা দেয়, তাহলে সবচাইতে তাড়াতাড়ি এবং কার্যকরী উপায়ে এই সমস্যা দূর করার পথ হল আপনার নিয়োগকর্তা/মনিবের সঙ্গে কথা বলা এবং কোন নিয়মমাফিক  পথ অবলম্বন করার আগে বিশেষজ্ঞের উপদেশ নেওয়া।